

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)  
গাজীপুর-১৭০১  
[www.nata.gov.bd](http://www.nata.gov.bd)


স্মারক নংঃ ১২.১৫.০০০০.০০১.০৫.০৭৭.১৫-৫৬২ ২৪/১২/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আহবান

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আগামী ৩০/১২/২০১৯ খ্রি : সকাল ১০.০০ ঘটিকার সময় মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ নাটা, গাজীপুর এ অনুষ্ঠিত হবে। সকল সন্মানিত সদস্যগণকে যথাসময়ে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি :

- ১ জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি গঠন।
২. জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ২০১৯ সালের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত।
৩. বিবিধ।



ড.মো. জামাল উদ্দীন  
উপপরিচালক (উদ্ভিদ রোগতত্ত্ব)  
ও ফোকাল পয়েন্ট

বিতরণ :

১. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), নাটা, গাজীপুর।
২. উপপরিচালক (সকল), নাটা, গাজীপুর।
৩. সিনিয়র সহকারী পরিচালক (সকল), নাটা, গাজীপুর।
৪. অন্যান্য সকল কর্মকর্তা ও কর্মচারী, নাটা, গাজীপুর।
৫. জনাব .....
৬. অফিস কপি।

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোঃ আবু সাইদ মিঞা, মহাপরিচালক, নাটা, গাজীপুর  
সভার তারিখ : ৩০.১২.২০১৯  
সময় : সকাল ১০:০০ ঘটিকা  
সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ, নাটা, গাজীপুর

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। সভাপতি মহোদয় আলোচ্যসূচি মোতাবেক জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র জাতীয় শুদ্ধাচার কৌশল ফোকাল পয়েন্ট কর্মকর্তা ড. মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক(উদ্ভিদ রোগতত্ত্ব)কে আলোচনা করার অনুরোধ জানান।


আলোচ্যসূচী ১: জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি গঠন :

উপপরিচালক ড. মোঃ জামাল উদ্দীন জানান যে, জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বিষয়টি বর্তমান সরকারের একটি অগ্রাধিকার ইস্যু এবং সুশাসন প্রতিষ্ঠায় এর অনুশীলন সকল সরকারী কর্মকর্তা ও কর্মচারীর জন্য বাধ্যতামূলক করা হয়েছে। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি পুন:গঠন করা প্রয়োজন। সভায় এ ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা হয় এবং জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি পুন:গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী ২: জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ২০১৯ সালের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত :

ফোকাল পয়েন্ট উপপরিচালক ড. মোঃ জামাল উদ্দীন জানান যে, সরকার ইতোমধ্যে প্রতিবছর ১ম হতে ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তাগণের মধ্য হতে একজন এবং ১০ম হতে ২০তম গ্রেডভুক্ত কর্মকর্তাগণের মধ্য হতে একজন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত নীতিমালা পুন:জারী করেছেন। পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী ১ মাসের মূলবেতন ও প্রশংসাপত্র প্রাপ্য হবেন। ২০১৯ সালের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করার নিমিত্ত নাটার আগ্রহী কর্মকর্তা ও কর্মচারীগণকে নির্ধারিত ছক পত্র মোতাবেক সম্পাদিত কর্মকাণ্ডের প্রমানক সংযুক্ত করে আবেদন করতে হবে। সভাপতি মহোদয় জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)র সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ২০১৯ সালের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান বাস্তবায়নের জন্য আগামী ১৫/০১/২০২০ তারিখের মধ্যে আগ্রহী কর্মকর্তা ও কর্মচারীগণকে নির্ধারিত ছক পত্র মোতাবেক আবেদন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
ড. মোঃ আবু সাইদ মিঞা  
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

স্মারক নং- ১২.১৫.০০০০.০০১.০৫.০৭৭.১৫

তারিখ:

১. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), নাটা, গাজীপুর।
২. উপপরিচালক (সকল), নাটা, গাজীপুর।
৩. সিনিয়র সহকারী পরিচালক (সকল), নাটা, গাজীপুর।
৪. অন্যান্য সকল কর্মকর্তা ও কর্মচারী, নাটা, গাজীপুর।
৫. জনাব .....
৬. অফিস কপি।